



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/১০৪

তারিখ: ০৮-০৩-২০১৭ খ্রি.

বিজ্ঞপ্তি

- বিষয়: ২০১৭ সালে অধ্যয়নরত ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও জেএসসি নিবন্ধন প্রসংগে কর্তৃপক্ষের নির্দেশক্রমে অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগত করা যাচ্ছে যে, ২০১৭ সালে অধ্যয়নরত ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও জেএসসি নিবন্ধন নিম্নরূপ সম্পন্ন হবে-
- ২০১৭ সালে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে অধ্যয়নরত সকল শিক্ষার্থীদের তথ্য ONLINE এ আপলোড করতে হবে
 - ২০১৭ সালে ৮ম শ্রেণির শিক্ষার্থীদের বয়স ১ জানুয়ারি ২০১৭ খ্রি. তারিখে কমপক্ষে ১২ বছর ০১(এক) দিন হতে হবে
 - ২০১৬ সালে ৭ম শ্রেণির শিক্ষার্থীদের ONLINE এ প্রদত্ত অর্ধ-বার্ষিক ও বার্ষিক পরীক্ষার গড় ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ বর্তমানে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন তালিকায় ONLINE এ প্রদর্শিত হবে
 - যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটার সহ INTERNET সংযোগ নেই তাদের নিকটবর্তী প্রতিষ্ঠান/ ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে; কোন ক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠান থেকে নিবন্ধন করা যাবে না
 - প্রত্যেক প্রতিষ্ঠান তার শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করতে হবে এবং কমিটি কর্তৃক প্রদানকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষর শেষে প্রধান শিক্ষকের অনুমোদন করে প্রতিষ্ঠান সংরক্ষণ করবে। যে কোন প্রকার ত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন
 - ONLINE এ তথ্য আপলোড ও সংশোধন এবং নিবন্ধনকরণের সময়সূচী জরিমানা ছাড়া ২৫ মার্চ হতে ২৫ এপ্রিল ২০১৭ খ্রি: তারিখ পর্যন্ত এবং বিলম্ব জরিমানা ফিসসহ ২৬ এপ্রিল হতে ৭ মে ২০১৭ খ্রি: তারিখ পর্যন্ত তথ্য আপলোড করা যাবে। নির্ধারিত তারিখের পর নতুন কোন তথ্য আপলোড করা যাবে না। প্রত্যেক প্রতিষ্ঠান নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের হার্ডকপি (PRINT COPY) সংরক্ষণ করবে: পরবর্তীতে এই (PRINT COPY) এর সাথে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন করতে হবে
 - শিক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত ফিসের বেশী অর্থ কোন ক্রমেই আদায় করা যাবে না শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস শুধুমাত্র সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ONLINE এ প্রেরণ করতে হবে: কোনক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না
 - অষ্টম শ্রেণির শিক্ষার্থীর ফিসের হার -

বিবরণ	শিক্ষার্থীর সংখ্যা	নিবন্ধন ফিস	স্কাউট ফিস	রেড ক্রিসেন্ট ফিস	মোট টাকার পরিমাণ	বিলম্ব ফিস
ফিসের পরিমাণ	০১	৫০/-	১৫/-	১০/-	৭৫/-	৫০/-
 - অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ২৫ এপ্রিল ২০১৭ খ্রি: পর্যন্ত ফিস ব্যতিত এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে ইটিসি (etc) প্রদান করা যাবে। ১ মে হতে ৩১ আগস্ট পর্যন্ত সোনালী সেবার মাধ্যমে ৭০০/- (সাতশত) টাকা ফিস প্রদান পূর্বক ইটিসি(etc) প্রদান করা যাবে। এর পর কোন অবস্থাতেই ETC/ ছাড়পত্র প্রদান করা যাবে না।
 - Student Management সংক্রান্ত সকল তথ্য Board এর Website www.jessoreboard.gov.bd এর LATEST NOTICE এ পাওয়া যাবে। যশোর শিক্ষা বোর্ডের Website এর LATEST NOTICE এ প্রদত্ত জেলা ভিত্তিক মাস্টার ট্রেনারদের নিকট থেকে সেবা সংক্রান্ত সহায়তা নিতে যোগাযোগ করা যাবে। বিশেষ প্রয়োজনে যশোর শিক্ষা বোর্ডের নিম্নলিখিত মোবাইল নম্বর গুলো হতে সহায়তা পাওয়া যাবে।
মোবাইল নম্বর : ০১৭১৬-০৭৯৩১১, ০১৭২০-৫৮৯৫৩৫, ০১৭২৪-৩৯৯৩৫৩, ০১৭১১৯৮৮১১২, ০১৭১৬-৭৮৭৭৮৭, ০১৭১৮-৪১১৪২৭
 - সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শ্রেণি ভিত্তিক দৈনিক হাজিরাসহ স্ব স্ব Website এর সকল মেন্যুতে তথ্য হালনাগাদ নিশ্চিত করতে হবে।

(উ-মোঃ আহসান হাবিব)

বিদ্যালয় পরিদর্শক


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল-

- ১। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ২। উপ- পরিচালক(মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৬। সিনিয়রক সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)
- ৭। সংরক্ষণ নথি


(ড. মোঃ আহসান হাবিব)

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর